

২০০৯-২০২০ সাল পর্যন্ত বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সাফল্য ও অগ্রগতির তথ্য

- ঘূর্ণিঝড় পর্যবেক্ষণ ও পূর্বাভাস প্রদান এবং দেশে বন্যা, অতিবৃষ্টি ও ভূমিকম্পের সঠিক পূর্বাভাস প্রদানের লক্ষ্যে জাপানী আর্থিক ও কারিগরী সহায়তায় ২০১০ সালে “Improvement of Meteorological Radar System at Cox's Bazar & Khepupara”, “Establishment of Meteorological Radar System at Moulvibazar” প্রকল্পের আওতায় কক্সবাজার, খেপুপাড়া এবং মৌলভীবাজারে ৩(তিন)টি আবহাওয়া রাডার স্থাপন করা হয়েছে এবং ২০১৩ সালে “মানব সম্পদ উন্নয়ন” প্রকল্পের মাধ্যমে বাংলাদেশ অধিদপ্তরের স্থিত রাডারসহ আধুনিক আবহাওয়া যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণের জন্য দক্ষ ও প্রশিক্ষিত জনবল কাঠামো গড়ে তোলা হয়েছে।
- ভূমিকম্প পর্যবেক্ষণ ও গবেষণা কার্যক্রম আরও আধুনিকায়নের লক্ষ্যে ২০০৯ সালে “সিসমোলজিক্যাল সার্ভিসেস এর উন্নয়ন” শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে এবং জিওবি অর্থায়নে দেশের ১০টি স্থানে ভূ-কম্পন যন্ত্র স্থাপন এবং এ যন্ত্রগুলোকে একটি নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে।
- ২০১১-১৫ মেয়াদে বাস্তবায়িত “নিউমেরিক্যাল ওয়েদার প্রিডিকশন সিস্টেম শীর্ষক” প্রকল্পের মাধ্যমে দেশের ৩২ (বত্রিশ)টি আবহাওয়া পর্যবেক্ষণাগারকে আধুনিকায়ন করে ডিজিটলাইজড করার লক্ষ্যে একই নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে।
- অধিকতর সঠিক আবহাওয়া পূর্বাভাস প্রদানের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি ও খাদ্য নিরাপত্তা ব্যবস্থাকে টেকসই করার লক্ষ্যে ২০০৯-২০১৪ মেয়াদে বাস্তবায়িত “এগ্রোমিটিওরোলজিক্যাল সার্ভিসেস এর উন্নয়ন” এবং “দেশের পঁচাত্তি স্থানে ১ম শ্রেণীর আবহাওয়া পর্যবেক্ষণাগার স্থাপন” প্রকল্পের মাধ্যমে ১২টি আবহাওয়া পর্যবেক্ষণাগার স্থাপন করা হয়েছে।
- বিশ্ব আবহাওয়া সংস্থার উদ্যোগে ‘Coastal Inundation Forecasting Demonstration Project in Bangladesh (CIFDP-B)’ প্রকল্প ২০১৭ সালে বাস্তবায়ন করা হয়েছে।
- ২০১৩-২০১৮ মেয়াদে ‘সিলেটস্থ নির্ভরশীল আবহাওয়া অফিস, ফেনীস্থ পাইলট বেলুন পর্যবেক্ষণাগার উন্নয়ন ও সম্প্রসারণ শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।
- Met Norway সহায়তায় Institutional Support and Capacity Building for Mitigation of Weather and Climate Hazards in Bangladesh’ শীর্ষক প্রকল্প ২০২০ সালে বাস্তবায়ন করা হয়েছে।
- আবহাওয়া পূর্বাভাস জনগণের নিকট সহজলভ্য করিবার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী গত ২৭ ডিসেম্বর ২০১৬ তারিখে ‘বিএমডি ওয়েদার অ্যাপ’(BMD Weather APPS) উদ্বোধন করেছেন। স্মার্ট ফোনের মাধ্যমে ‘ওয়েদার অ্যাপ’ এর ব্যবহার করে তৎক্ষণিকভাবে এলাকাভিত্তিক আবহাওয়া পূর্বাভাস এবং বিএমডি ওয়েব সাইটে উপজেলাভিত্তিক পূর্বাভাস পাওয়া যাচ্ছে।
- মৎস চাষের জন্য সম্প্রতি BMD Aquaculture App চালু করা হয়েছে।
- Japanese Satellite “Himawari Cast” Receiving System এর মাধ্যমে আবহাওয়া উপাত্ত ও Satellite Imageries সংগ্রহ করা হচ্ছে।
- Global Telecommunication System আপগ্রেড করে WMO Information System (WIS)-এ উন্নীত করা হয়েছে।
- GISC Tokyo-এর সাথে আবহাওয়া তথ্য ও উপাত্ত আদান প্রদানের জন্য Back up সংযোগ স্থাপন করা হয়েছে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সকল শাখা/মহাশাখাতে ডিজিটাল নথি নম্বর বাস্তবায়ন করা হয়েছে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের দরপত্র কার্যক্রমে e-GP প্রক্রিয়া চালু করা হয়েছে
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরে উচ্চ ক্ষমতা সম্পন্ন কম্পিউটার স্থাপনের মাধ্যমে গাণিতিক মডেল ব্যবহার করে ১০ দিনের আবহাওয়া পূর্বাভাস প্রদান করা হচ্ছে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের উপাত্ত ও তথ্যাদির সহজ প্রাপ্তির লক্ষ্যে web portal কার্যক্রম চালু করা হয়েছে।
- কৃষকদের প্রয়োজনে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের গোপালঞ্জসহ দেশের ছাব্বিশটি পর্যবেক্ষণাগারে স্বয়ংক্রিয় মাটির আর্দ্রতা পর্যবেক্ষণ নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে।
- রাঙামাটি, সিলেট, শ্রীমঙ্গল ও নেত্রকোনা আবহাওয়া পর্যবেক্ষণাগারে অপটিক্যাল বৃষ্টিমাপক যন্ত্র স্থাপন করা হয়েছে।
- সমুদ্রের আবহাওয়াগত অবস্থা পর্যবেক্ষণের জন্য সেন্টমার্টিন ও কুতুবদিয়া আবহাওয়া পর্যবেক্ষণাগারের সন্নিকটে বঙ্গোপসাগরে Ocean Monitoring System স্থাপন করা হয়েছে।
- ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিভিন্ন ক্যাটাগরির নয় শতাধিক কর্মচারীকে আইসিটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- দেশের অভ্যন্তরীণ আবহাওয়া উপাত্ত আদান-প্রদানের জন্য Software Up gradation করা হয়েছে।
- জাতীয় পর্যায়ে আবহাওয়া অধিদপ্তরের সঙ্গে প্রতিটি সেক্টরের একটি স্বয়ংসম্পূর্ণ নেটওয়ার্ক তৈরির লক্ষ্যে বিশ্বব্যাংকের সহায়তায় “Strengthening Meteorological Information Services and Early Warning Systems (Component-A)’ under ‘Bangladesh Weather and Climate Services Regional Project” বাস্তবায়নাধীন রয়েছে।
- “ঢাকা ও রংপুর মেটিওরোলজিক্যাল রাডার সিস্টেম স্থাপন” শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে।
- কোরিয়ার কারিগরী সহায়তায় Korea Meteorological Administration (Kma), Korea “Support of GEO-KOMPSAT-2A(GK-2A) Receiving and Analysis System” শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে।
- নিরাপদ নৌ চলাচলের জন্য বাংলাদেশের ১৪ (চৌদ্দ)টি নদী বন্দরে ১ম শ্রেণীর আবহাওয়া পর্যবেক্ষণাগার স্থাপন শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে।

Signature
২/০৭/২০২৩

মোঃ আতিকুর রহমান
আবহাওয়াবিদ
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা